

তোমারি

তোমারি দেওয়া প্রাণে, তোমারি দেওয়া দুঃখ
তোমারি দেওয়া বুকে, তোমারি অনুভব।
তোমারি দু'নয়নে তোমারি শোকবারি,
তোমারি ব্যাকুলতা, তোমারি হা হা রব!
তোমারি দেওয়া নিধি, তোমারি কেড়ে নেওয়া,
তোমারি শনকিত আকুল পথ চাওয়া।
তোমারি নিরজনে ভাবনা আনমনে,
তোমারি সান্না শীতলসৌরভ।
আমিও তোমারি গো,তোমারি সকলি ত,
জানিয়ে জানে না,এ মোহ-হত চিত
আমারি ব'লে কেন, ভ্রান্তি হ'ল হেন,
ভাঙ্গ এ অহমিকা, মিথ্যা গৌরব।